



বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল (বিএসি)

বিএসএল অফিস কমপ্লেক্স-২ (৩য় তলা)

১ মিন্টো রোড, রমনা, ঢাকা-১০০০

www.bac.gov.bd



স্মারক: বিএসি/প্রশাসন/উদ্ভাবন/২০২১/৫৩১৮

তারিখ : ০২ চৈত্র, ১৪২৮ বঙ্গাব্দ
১৬ মার্চ, ২০২২ খ্রিষ্টাব্দ

অফিস আদেশ

বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানসমূহে গঠিত Institutional Quality Assurance Cell (IQAC) এর প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করার লক্ষ্যে একটি ইলেকট্রনিক ফরম প্রস্তুত করেছে। প্রস্তুতকৃত ফরমটি কাউন্সিলের ওয়েবসাইট (www.bac.gov.bd)-তে সংযুক্ত করা হয়েছে। কাউন্সিলের ওয়েব সাইটে প্রবেশ করে আপনার বিশ্ববিদ্যালয়ের IQAC তে কর্মরত সংশ্লিষ্ট শিক্ষক ও কর্মকর্তাগণের তথ্যাদি পূরণ এবং ভবিষ্যতে IQAC-তে কোনো কর্মকর্তা/কর্মচারী পরিবর্তন হলে উক্ত ফরম ব্যবহার করে তা হালনাগাদ করার জন্য অনুরোধ করা হল।

(মোহাম্মদ আবদুল আলীম)

উপপরিচালক

বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল

ফোন: ০২-২২২২২৯৩১৬

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) পূর্ণকালীন সদস্য (সকল), বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল, ঢাকা;
- ২) আইকিউএসি'র পরিচালক (সকল), পাবলিক ও প্রাইভেট বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ;
- ৩) পরিচালক (সকল), বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল, ঢাকা;
- ৪) একান্ত সচিব, চেয়ারম্যান দপ্তর (চেয়ারম্যান মহোদয়ের অবগতির জন্য), বিএসি, ঢাকা;
- ৫) অফিস কপি।

উদ্ভাবিত সেবার শিরোনাম: Institutional Quality Assurance Cell (IQAC) ডেটাবেস ব্যবস্থাপনা পদ্ধতি (IDMS) চালুকরণ।

সেবাটি উদ্ভাবনের যৌক্তিকতা:

উচ্চ শিক্ষার মানোন্নয়ন ও অ্যাক্রেডিটেশন প্রদানের লক্ষ্যে বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল দেশব্যাপী বিস্তৃত প্রায় ৩৭০০ টি উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানের অ্যাক্রেডিটেশন ও বাংলাদেশ ন্যাশনাল কোয়ালিফিকেশন ফ্রেমওয়ার্ক (বিএনকিউএফ) বাস্তবায়নের দায়িত্ব প্রাপ্ত। উচ্চশিক্ষা প্রতিষ্ঠানসমূহের কোয়ালিটি নিশ্চিতকরণে ইতোমধ্যে ১১০ টি উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানে Institutional Quality Assurance Cell (IQAC) প্রতিষ্ঠা করা হয়েছে। বিএসি'র নিয়মিত প্রশিক্ষণ, কর্মশালাসহ প্রশাসনিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে উক্ত সেলের পরিচালক, অতিরিক্ত পরিচালকগণের তথ্যাদি সবসময় হালনাগাদ রাখা প্রয়োজন। উক্ত সেলের পরিচালক, অতিরিক্ত পরিচালকগণের তথ্যাদি সবসময় হালনাগাদ রাখার জন্য Institutional Quality Assurance Cell (IQAC) ডেটাবেস ব্যবস্থাপনা পদ্ধতি (IDMS) প্রয়োজন।

বিদ্যমান সমস্যা:

বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের প্রয়োজনে দেশের উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানসমূহের পরিচালক, অতিরিক্ত পরিচালকগণের তথ্য প্রয়োজন হয়। কিন্তু পূর্ববর্তীতে প্রতীয়মান হয়েছে যে, Institutional Quality Assurance Cell (IQAC) এর পরিচালক ও অতিরিক্ত পরিচালক পদে কিছু দিন পর পর পরিবর্তন হয় যার তথ্য কাউন্সিলে আসতে দীর্ঘ সময় লাগে। চিঠির মাধ্যমে তথ্য আসতে অধিক পরিশ্রম ও বিলম্বজনিত সমস্যাসহ বিভিন্ন সমস্যার সম্মুখীন হতে হয়।


সেবাটি উদ্ভাবনের পরে প্রাপ্ত সুবিধাসমূহ:

- স্বল্প সময়ে প্রকৃত তথ্য কাউন্সিলে পৌঁছানো;
- সঠিক সময়ে প্রকৃত ব্যক্তির সাথে যোগাযোগ;
- কাউন্সিলের কর্মকর্তা-কর্মচারীগণের দাপ্তরিক সময় সাশ্রয়;
- কাউন্সিলের তথ্য প্রেরণের জন্য আলাদা চিঠি প্রেরণের প্রয়োজন নেই;
- ডাক বিভাগের সময় সাশ্রয়;
- গ্রাহকের যাতায়াত হ্রাস;
- আইকিউএসি'র সময় সাশ্রয়;

বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল, ঢাকা


Institutional Quality Assurance Cell (IQAC) ডেটাবেস ব্যবস্থাপনা পদ্ধতি (IDMS) এর

প্রসেস ম্যাপ



কাউন্সিলের ওয়েব সাইট লিংক

https://docs.google.com/forms/d/e/1FAIpQLSerfpwUTyKxMIRHT7BoWjDHAXIj5t7mBX-xV_fSndM2rJ360w/viewform



IQAC Database Management System (IDMS)

I =Institutional Quality Assurance Cell (IQAC)

D=Database

M= Management

S=System

২৩/০৬/২২

বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল, ঢাকা

সেবাটি উদ্ভাবনের তুলনামূলক পার্থক্য

বিষয়	গতানুগতিক পদ্ধতিতে সেবা প্রদান (কাউন্সিল ও সেবা গ্রহীতার দৃষ্টিভঙ্গি)	সেবাটি উদ্ভাবনের পর	Benefit
সময়	১১-২০ দিন	৩০ মিনিট	১০-২০ দিন সময় সাশ্রয়
ব্যয় (অংশ গ্রহণকারীগণের)	ডাকঘরে যাতায়াত ৩০.০০*২=৬০ টাকা	-	৬০.০০টাকা
যাওয়া-আসা	১-২ বার	প্রয়োজন নেই	যাতায়াতের ব্যয় ও পরিশ্রম হ্রাস
ধাপ	৭ধাপ	০২ধাপ	৫ধাপ

স্টেকহোল্ডার/বেনিফিসিয়ারি:

দেশের বিশ্ববিদ্যালয়সমূহসহ উচ্চশিক্ষা প্রদানকারী প্রতিষ্ঠানের আইকিউএসি'র কর্মকর্তাগণ।


২৩/০৩/২২